টঙ্গীতে ৯ বছরের শিশুকে গরম ইস্ত্রির ছ্যাঁকা, নির্যাতনের অভিযোগে মাদ্রাসাশিক্ষক গ্রেপ্তার

লেখক: প্রকাশক | প্রকাশিত: 10 November 2026, 09:25 AM | বিভাগ: সারাদেশ



গাজীপুরের টঙ্গীতে ৯ বছর বয়সী এক মাদ্রাসাশিক্ষার্থীকে গরম ইস্ত্রির ছ্যাঁকা দিয়ে শারীরিক নির্যাতনের অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্ত শিক্ষক রাব্বি হোসেনকে (২৫) গ্রেপ্তার করেছে পুলিশ।

রোববার (৮ নভেম্বর) দিবাগত রাতে টঙ্গীর চেরাগ আলী এলাকার মফিতাহুল মাদ্রাসা থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তার হওয়া রাব্বি হোসেন ওই মাদ্রাসার শিক্ষক। তিনি কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলার বাসিন্দা।

ভুক্তভোগী শিশুর মায়ের দায়ের করা লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, গত ৪ নভেম্বর বিকেলে শিক্ষক রাব্বি হোসেন গরম ইস্ত্রি দিয়ে শিশুটির শরীরের পেছনের অংশে (নিতম্বে) ছ্যাঁকা দিয়ে নির্যাতন করেন। পরদিন ৫ নভেম্বর সন্ধ্যায় শিশুটির মা তাকে বাড়িতে নিয়ে যেতে মাদ্রাসায় গেলে সে মায়ের কাছে নির্যাতনের বিষয়টি জানায়। পরে শিশুটির মা টঙ্গী পূর্ব থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

টঙ্গী পূর্ব থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাকছুদুল আলম জানান, অভিযোগের ভিত্তিতে মামলা রুজু করে অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তার দেখানো হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি ঘটনার দায় স্বীকার করেছেন বলে জানান ওসি। সোমবার দুপুরে তাকে আদালতে পাঠানো হয়েছে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।